

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩

ও  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গোয়ালন্দ, রাজবাড়ী  
[www.goalandarajbari.gov.bd](http://www.goalandarajbari.gov.bd)

গণ- বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০-এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি মোঃ জাকির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা /মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা /মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে :

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯/০৩/২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২/০৩/২০২৩ (বুধবার)
৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল :

১.	মনোনয়নপত্র দাখিলের তারিখ	: ০৫/০৪/২০২৩ (বুধবার)
২.	মনোনয়নপত্র বাছাই	: ০৯/০৪/২০২৩ (রবিবার)
৩.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	: ১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৪.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৫.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬/০৪/২০২৩ (রবিবার)
৬.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭/০৪/২০২৩ (সোমবার)
৭.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৮.	ভোট গ্রহণের তারিখ	: ১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত ব্যালট পেপার মাধ্যমে।

০২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা /মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, গোয়ালন্দ, রাজবাড়ী এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: ১৬-০৩-২০২৩খ্রি.

নির্বাচনী এলাকার নাম: গোয়ালন্দ উপজেলা, রাজবাড়ী



(মোঃ জাকির হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩

গোয়ালন্দ, রাজবাড়ী

ফোনঃ ০২-৪৭৭৭৯৮১৯৯

e-mail: [unogolanda@mopa.gov.bd](mailto:unogolanda@mopa.gov.bd)